


আশ্রয়ণের অধিকার
শেখ হাসিনার উপহার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।
www.ashrayanpmo.gov.bd



স্মারক নম্বর-০৩.০২.০০০০.৭০১.১৪.২৬২.২০-১৩৩৮

তারিখঃ ০৩ কার্তিক ১৪২৭
০২ নভেম্বর ২০২০

বিষয় : ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ “ক” শ্রেণির পরিবার পুনর্বাসনে গৃহ নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে অতিরিক্ত পরিবহন ও জ্বালানি ব্যয় বাবদ বরাদ্দ প্রদান।


মুজিব শতবর্ষ উপলক্ষে ২ শতাংশ খাস জমি বন্দোবস্ত প্রদানপূর্বক একক গৃহ নির্মাণের মাধ্যমে ‘ক’ শ্রেণির অর্থাৎ ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসন কার্যক্রম আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্প, ভূমি মন্ত্রণালয় একযোগে বাস্তবায়ন করছে। এ লক্ষ্যে সারাদেশে ২০২০-২০২১ অর্থ বছরে প্রথম পর্যায়ে ৫৯৮০৩টি পরিবারের জন্য গৃহ নির্মাণ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০২। ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ নির্মাণের ক্ষেত্রে মালামাল পরিবহনের জন্য অধিক ব্যয় হবে মর্মে উপজেলা নির্বাহী অফিসারগণ জানিয়েছেন। ফলে আশ্রয়ণ-২ প্রকল্প হতে বরাদ্দকৃত গৃহ নির্মাণের মালামাল পরিবহনের জন্য ঘর প্রতি ৪০০০.০০ (চার হাজার) টাকা হারে অতিরিক্ত পরিবহন ব্যয় প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০৩। এছাড়া আশ্রয়ণ-২ প্রকল্প হতে বরাদ্দকৃত গৃহ নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিতকল্পে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) কর্তৃক নিয়মিত পরিদর্শনের জন্য নিম্নোক্ত ছক মোতাবেক জ্বালানি ব্যয় বরাদ্দের জন্যও সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

ক্রঃ নং	শ্রেণি ব্যবধান (গৃহের সংখ্যা অনুযায়ী)	উপজেলা ভিত্তিক জ্বালানি বাবদ থোক বরাদ্দ
১	১-৫০ টি গৃহ নির্মাণ	১০০০০.০০
২	৫১-১০০ টি গৃহ নির্মাণ	১৫০০০.০০
৩	১০১-২০০ টি গৃহ নির্মাণ	২০০০০.০০
৪	২০১ থেকে তদুর্ধ্ব গৃহ নির্মাণ	২৫০০০.০০

০৪। এমতাবস্থায়, আশ্রয়ণ-২ প্রকল্পের ন্যায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্প, ভূমি মন্ত্রণালয় হতে ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনে ঘর নির্মাণ কার্যক্রম বাস্তবায়নের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণের অনুকূলে নির্মাণ সামগ্রী পরিবহনের জন্য অতিরিক্ত পরিবহন ব্যয় বাবদ ঘর প্রতি ৪০০০.০০ (চার হাজার) টাকা এবং নির্মাণ কাজ নিবিড় তদারকি ও পরিদর্শনের জন্য জ্বালানি ব্যয় বাবদ উল্লেখিত ছক মোতাবেক উপজেলা ভিত্তিক থোক বরাদ্দ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মোঃ মাহবুব হোসেন

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোনঃ ৪৮১১২৬১৮

মোবাইল- ০১৭১১৫৬৪৬৬৬

ইমেইল- ashrayanpmo@gmail.com

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫. বিভাগীয় কমিশনার, ----- (সকল)
৬. মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৭. প্রকল্প পরিচালক, গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্প, ঢাকা।
৮. জেলা প্রশাসক, ----- (সকল)
৯. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব / সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১০. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ----- (সকল)
১১. উপজেলা চেয়ারম্যান, ----- (সকল)
১২. উপজেলা নির্বাহী অফিসার, ----- (সকল)
১৩. সহকারী কমিশনার (ভূমি), ----- (সকল)
১৪. উপজেলা প্রকৌশলী, ----- (সকল)
১৫. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ----- (সকল)
১৬. অফিস কপি।